



# বাংলাদেশ ব্যাংক

## প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০  
বাংলাদেশ।

Website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বিআরপিডি সার্কুলার লেটার নং- ১০

তারিখ: ০৮ মে ২০২৫  
২৫ বৈশাখ ১৪৩২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

### এজেন্ট ব্যাংকিং পরিচালনায় নারীর অংশগ্রহণ প্রসঙ্গে।

আর্থিক অন্তর্ভুক্তির প্রসারে প্রচলিত এজেন্ট ব্যাংকিং কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে বিআরপিডি সার্কুলার নং-১৪, তারিখ: ১৮ সেপ্টেম্বর ২০১৭ এর মাধ্যমে একটি পূর্ণাঙ্গ নীতিমালা (Prudential Guidelines for Agent Banking Operation in Bangladesh) জারি করা হয়।

- সময়ের সাথে সাথে এজেন্ট ব্যাংকিং এর চাহিদা ও গুরুত্ব ব্যাপক বৃদ্ধি পেয়ে চলেছে এবং গ্রাহকদের এজেন্ট ব্যাংকিং পরিষেবা গ্রহণ সহজতর ও সহজলভ্য হচ্ছে। বাংলাদেশের আর্থ-সামাজিক প্রেক্ষাপটে গ্রামীণ এলাকায় এজেন্ট ব্যাংকিং সুবিধা চালু হওয়ায় নারী গ্রাহকদের অংশগ্রহণ উল্লেখযোগ্য মাত্রায় হলেও নারী এজেন্টের সংখ্যা এখন পর্যন্ত খুবই সীমিত পর্যায়ে রয়েছে। আর্থিক লেনদেনে নারীর সক্ষমতা ও নারীর অর্থনৈতিক অন্তর্ভুক্তি বৃদ্ধির জন্য নারীবান্ধব ব্যাংকিং ব্যবস্থা গড়ে তোলা প্রয়োজন।
- এতদুদ্দেশ্যে, এজেন্ট ব্যাংকিং কার্যক্রমে নারী উদ্যোক্তাদের অধিকতর অংশগ্রহণ নিশ্চিতকরণের লক্ষ্যে এই সার্কুলার জারি হওয়ার সময় থেকে ভবিষ্যত এজেন্ট নিয়োগের ক্ষেত্রে অন্যান্য ৫০% নারী এজেন্ট নিশ্চিত করতে হবে।
- ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ শাহরিয়ার সিদ্দিকী)

পরিচালক (বিআরপিডি)

ফোনঃ ৯৫৩০২৫২